



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়  
প্রাথমিক শিক্ষা  
রাজশাহী বিভাগ, রাজশাহী  
Email : ddrajsh@gmail.com  
Web : www.dpe.rajshahidiv.gov.bd



স্মারক নং- ডিডি/প্রাই/রাবিরা/এফ/ ২২৫/১৯

তারিখ : ২৫/০৩/২০২০খ্রিঃ

বিষয় : মাননীয় মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, কর্তৃক ভিডিও কনফারেন্সে প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিশ্বের অন্যান্য দেশের ন্যায় আমাদের দেশেও করোনা ভাইরাস (Covid-19) এর প্রাদুর্ভাব ঘটেছে। চলমান পরিস্থিতিতে মাননীয় মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর ভিডিও বার্তায় প্রদত্ত নির্দেশনাগুলো বাস্তবায়নের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

#### বার্তাসমূহ :

১. পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত সকল শিক্ষক, ছাত্র/ছাত্রী বাড়ীতে অবস্থান করবে।
২. প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের বাড়ীতে পড়ালেখা অব্যাহত রাখবে।
৩. সকল কার্যক্রম (প্রশিক্ষণ, পাঠদান, বদলী) বন্ধ থাকবে।
৪. স্থানীয় প্রশাসনের সকল নির্দেশনা বাস্তবায়নে সহযোগিতা করতে হবে।
৫. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পিটিআই সুপারিনটেনডেন্ট, উপজেলা শিক্ষা অফিসার, ইউআরসি ইন্সট্রাক্টর, পিটিআই ইন্সট্রাক্টর, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, সহকারী ইউআরসি ইন্সট্রাক্টর, শিক্ষকসহ প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, কর্মচারী ও ব্যক্তিবর্গ করোনা ভাইরাস হতে রক্ষার জন্য নির্দেশনাসমূহ প্রতিপালন করবেন।
৬. অত্র বিভাগের প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীকে বাধ্যতামূলকভাবে কর্মস্থলে অবস্থান করতে হবে।
৭. সচিব মহোদয়ের বার্তা শিক্ষকগণকে অনলাইনের মাধ্যমে জানাতে হবে।
৮. Facebook, সামাজিক মাধ্যম-এ করোনা ভাইরাস সম্পর্কে যে সব সতর্কতা সম্পর্কিত নির্দেশনা/পরামর্শ পাওয়া যাবে তার সঠিকতা যাচাই পূর্বক শেয়ার করতে হবে।
৯. স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।
১০. Mobile Phone, Online-এ সংশ্লিষ্ট সকলের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।
১১. আগামী ২৬শে মার্চ স্বাধীনতা দিবস উদযাপনের জন্য জেলা প্রাথমিক শিক্ষা অফিস, পিটিআই, উপজেলা শিক্ষা অফিস, উপজেলা রিসোর্স সেন্টার ও প্রাথমিক বিদ্যালয়ে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন এবং সূর্য অস্ত য়াওয়ার সাথে সাথে নামানোর ব্যবস্থা করতে হবে।
১২. আগে নিজেকে নিরাপদ রাখতে হবে, তারপর পরিবারকে, তারপর সমাজ ও রাষ্ট্রকে নিরাপদ রাখতে চেষ্টা করতে হবে।
১৩. ছুটি আরো লম্বা হলে E-content তৈরী করে TV, Youtube বা অন্যভাবে পাঠদানের প্রস্তুতি চলছে। পরবর্তী নির্দেশনা মোতাবেক ব্যবস্থা নিতে হবে।
১৪. করোনা (Covid-19) ভাইরাস প্রতিরোধে নিজে সতর্ক হই এবং অন্যকে সতর্ক করি।

উপরোক্ত নির্দেশনাসমূহ মেনে চলুন, সবাই নিরাপদ ও সুস্থ থাকুন। মহান আল্লাহ রাক্বুল আলামীন আমাদের সকলের সহায় হউন।

(আবুল কালাম আজাদ)  
বিভাগীয় উপপরিচালক  
প্রাথমিক শিক্ষা  
রাজশাহী বিভাগ, রাজশাহী।

- ১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/পিটিআই সুপারিনটেনডেন্ট, (সকল) অত্র বিভাগ।
- ২। উপজেলা শিক্ষা অফিসার (সকল), অত্র বিভাগ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো :

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ।
৩. অফিস নথি।